সংবাদ

তারিখ ৩০ MAR 2003
পৃষ্ঠা ... কলাম ...

খুলনা-যশোর অঞ্চল

# বেসরকারি কলেজের শিক্ষকদের এমপিওভুক্তি আটকে গেছে

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক : সরকারের শিক্ষা মন্ত্রণালয় নির্দেশ না দিলেও যশোর শিক্ষাবোর্ডের চেয়ারম্যানের মৌখিক এক আইনের (!) মাধ্যমে খুলনা-যশোর অঞ্চলের বেসরকারি কলেজের শিক্ষকদের এমপিওভুক্তি আটকে দেয়ার অভিযোগ পাওয়া গেছে।

৩০/৩২ বছরের পুরনো অনেক ডিগ্রি কলেজের অধ্যক্ষরা বলেছেন, এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সৃষ্ট পদে যশোর শিক্ষাবোর্ডের অনুমতি নিয়েই বিষয় খুলে শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। যে বিষয়গুলোতে সরকারি সকল শর্ত ও নীতিমালা পালন করলেও যশোর শিক্ষা বোর্ডের বর্তমান চেয়ারম্যানের একটি মৌখিক অলিখিত নিয়মের ফলে ওই শিক্ষক ও সংশ্লিষ্ট বিষয়ের স্বীকৃতি প্রদান করা হচ্ছে না বলে অভিযোগ। এই প্রতিবেদকের সঙ্গে আলাপকালে অনেক অধ্যক্ষ জানান, পর্যাপ্ত সংখ্যক ছাত্রছাত্রী আছে এই মর্মে কলেজ পরিদর্শক রিপোর্ট প্রদান করলে ওই শিক্ষকরা এমপিওভুক্ত হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন বলে যে প্রচলিত নিয়ম রয়েছে, যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবিএম সাত্তার সে নিয়ম মানতে রাজি নন। তবে নতুন মৌখিক নিয়ম সম্পর্কে কলেজগুলোতে কোন চিঠি দেয়া হয়নি বলে জানা গেছে।